## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের ডিসেম্বর/২২ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ **২৯/১২/২২ খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।**

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত সরকারি বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশল অফিস ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল । |
| ২ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৩ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ /ও সংশ্লিষ্ট সকল। |
| ৪ | **উপজেলা মৎস্য অফিস ঃ** উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য অফিসার,ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, গবাদি পশু, হাঁস-মুরগির টিকা প্রদান কার্যক্রম ভালভাবে চলছে। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | **উপজেলা পরিসংখ্যান অফিস : উপজেলা পরিসংখ্যান অফিস জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন ।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল প্রকার ক্ষুদ্রঋণ কার্যক্রমের সর্বোচ্চ ঋণসীমা ৫০,০০০/- টাকা ও সার্ভিস চার্জ ৫% নির্ধারণ করা হয়েছে। জানুয়ারি/২০২৩ থেকে এ প্রজ্ঞাপন কার্যক্রম হবে। এছাড়া ও ইতোমধ্যে ভিক্ষুক পূর্ণবাসন প্রকল্পের আওতায় যে সকল ইউনিয়নে ভিক্ষুক পূর্নবাসন করা হয়েছে যে সকল ইউনিয়ন ব্যতীত বাকী ইউনিয়ন সমূহের ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়ের নিকট হতে প্রকৃত ভিক্ষুকের তালিকা ভোটার আইডি কার্ড এর ফটোকপি ও মোবাইল নম্বরসহ) সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন** | সভায় বিস্তারিত আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার/সকল ইউপি চেয়ারম্যান ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৮ | **উপজেলা রিসোর্স সেন্টার ঃ** উপজেলা রিসোর্স সেন্টার **ইন্সট্রাক্টর** সভায় জানান, বিদ্যালয়ের পরিবেশ উন্নয়নে এবং শিশুর স্বাস্থ্য রক্ষায় শিশুরা যাতে বাইরের খোলা খাবার না খায় সে লক্ষ্যে দোকান না বসার জন্য উদ্যেগ নেওয়া হয়। শিশুর পাশাপাশি শিক্ষক, অভিবাবক, কর্মকর্তা প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ঠ সকলেই পাঠ্যপুস্তক পড়া এবং সকলে মিলে মান সম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করনে সহায়তা করা। এছাড়া তার **বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন** | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | **ইন্সট্রাক্টর**, উপজেলা **রিসোর্স সেন্টার**,ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ৯ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সমগ্রদেশে নিরাপদ পানি সরবারহ প্রকল্প ২০২২-২০২৩ অর্থ বৎসরের ২৮৬টি সাবমারসিবল পাম্প যুক্ত অগভীর নলকূপের বরাদ্ধ পাওয়া গিয়েছে। ৫০% স্থান নির্বাচন করবেন মাননীয় সংসদ সদস্য মহোদয়। বাকী ৫০% স্থান নির্বাচন করবেন WATSAN কমিটি। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন । | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১০ | উপজেলা সমবায় অফিস ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, নতুন আশ্রয়ন প্রকল্পগুলোতে সমবায় সমিতি গঠন প্রক্রিয়া চলমান অবস্থায় রয়েছে।খুব দ্রুততম সময়ের মধ্যে সমিতিগুলো নিবন্ধন করে তাদেরকে স্বাভলম্বি হওয়ার লক্ষ্যে ঋণ প্রদান করা হবে। অন্যান্য সমবায় সমিতির অডিট কার্যক্রম চলমান অবস্থায় রয়েছে। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন । | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১১ | উপজেলা বি আর ডি বি অফিস ঃ উপজেলা বি আর ডি বি কর্মকর্তা সভায় জানান যে, ময়মনসিংহ সদর উপজেলায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড চলতি বৎসর (নভেম্বর/২২)পর্যন্ত ৬০.০০ লক্ষ টাকা বিতরন করা হয়েছে। এবং চলতি বৎসর ৩৮.০০ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বি আর ডি বি কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা পল্লী সঞ্চয়ী ব্যাংক ঃ শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় বিভাগ সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় বিভাগ,ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৩ | ইউজিডিপি প্রকল্পের ২০২০-২০২১ অর্থ বছরের (৫ম রাউন্ডের) বাস্তবায়িত সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্পের চূড়ান্ত বিল অনুমোদন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ<br>চেয়ারপারসনের অনুমতিক্রমে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর সদস্য সচিবগণ সভাকে অবহিত করেন যে, ২০২০-২০২১ অর্থ-বছরে ইউজিডিপি প্রকল্পের অনুমোদিত ০৬ (ছয়) টি সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প বাস্তবায়ন যথাযথ সম্পন্ন হয়েছে এবং পৃথক পৃথক ০৬ (ছয়) টি প্রকল্প বাস্তবায়ন কমিটির দাখিলকৃত পৃথক খরচ বাবদ ভ্যাট আইটি ব্যতীত সর্বমোট ১০০০০০০ (দশ লক্ষ) টাকা ব্যয় হয়েছে। নিম্নলিখিত ০৬(ছয়) টি উপ প্রকল্পের প্রকৃত খরচ ও সে সংক্রান্ত নথিপত্রাদি পিআইসি সভাপতিগণের মাধ্যমে অনুমোদনের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয়েছে।<br>১.ময়মনসিংহ সদর উপজেলার যুবক / যুবতীদের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ।<br>২.ময়মনসিংহ সদর উজেলার স্বাস্থ্যকর্মী ও স্বেচ্ছাসেবকদের কোভিট-১৯ বিষয়ক স্বাস্থ্য সচেতনতা সংক্রান্ত প্রশিক্ষণ।<br>৩.বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতন রোধে ইমাম, কাজী ও ইউপি চেয়ারম্যানদের বাল্যবিবাহ রোধ আইন, অভিবাবক কাউন্সিলিং ও অন্যান্য কর্ম পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ।<br>৪.ময়মনসিংহ সদর উপজেলার নির্মাণ শ্রমিক (রাজ মিস্ত্রি, রড মিস্ত্রি, রং মিস্ত্রি ও ইলেকট্রিক মিস্ত্রি) দেরপেশাগত দক্ষতা বৃদ্ধি ও নিরাপওা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ।<br>৫.দরিদ্র চাষী ও বেকার যুবকদের বানিজ্যিক ভাবে লেবু জাতীয় ফসল উপাদনের কলা কৌশল বিষয়ক প্রশিক্ষণ।<br>৬. আধুনিক পদ্ধতিতে কৈ, শিং ও মাগুর চাষ বিষয়ক প্রশিক্ষণ। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউজিডিপি প্রকল্পের ২০২০-২০২১ অর্থ-বছরের (৫ম রাউন্ডের) বাস্তবায়িত ০৬ (ছয়) টি সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্পের চূড়ান্ত বিল বাবদ ভ্যাট আইটি ব্যতীত সর্বমোট ১০০০০০০ (দশ লক্ষ) টাকা অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহিত হয় | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ/ সংশ্লিষ্ট সকল। |
| ১৪ | বিবিধ আলোচনা:<br>১। উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, ময়মনসিংহ সদর উপজেলাধীন বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস নির্মাণ করার জন্য যে কয়টি ঘরের বরাদ্দ পাওয়া যায় তা নির্মাণ কাজ শুরু করা সম্ভব হচ্ছেনা কারন যে মন্ত্রণালয় কর্তৃক যে প্রাক্কলন পওয়া গেছে তা বর্তমান বাজারে দ্রব্য মূল্য বৃদ্ধি পাওয়ায় ঠিকাদার কাজ শুরু করতে পারছেন না। বর্তমান বাজারের সাথে সামঞ্জস্য রেখে প্রাক্কলন প্রেরণ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর সভার কার্যবিবরণী প্রেরণ করার জন্য সভায় প্রস্তাব করেন। তিনি আরও বলেন যে, এছাড়া সকল সম্মানীত সদস্যগণকে আগামী নববর্ষে অগ্রীম শুভেচ্ছা জানান। নতুন বছরটি সভার জন্য যেন কল্যাণ বয়ে আনে এই কামনা করেন। | সভার বিস্তারিত আলোচনান্তে বীর নিবাসের নতুন করে প্রাক্কলন ও বরাদ্দ পরিবর্তন করার ব্যাপারে সভার কার্যবিবরণী উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,ময়মনসিংহ সদর, ময়মনসিংহ/সংশ্লিষ্ট সকল। |
| ১৫ | সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন পিআইসি/টেন্ডার পরিষদ কর্তৃক অনুমোদিত প্রকল্প সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন। সরেজমিনে প্রকল্প পরিদর্শন করে বিল ছাড় করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় আরও বলেন যে, ময়মনসিংহ সদর উপজেলাধীন যে সকল আবাসন প্রকল্প রয়েছে সেই সকল আবাসন প্রকল্পে বসবাসকারীদের বর্তমান অবস্থা এবং তাদের কিকি সমস্যা রয়েছে সেগুলি সরেজমিনে তদন্ত করে আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা সমবয় অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহকে নির্দেশনা | আলোচনান্তে নীতিমালা মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। আবাস প্রকল্পে বাসবাসকারীদের বর্তমান অবস্থা ও সমস্যগুলি আগামী মাসিক সভায় উপস্থান করার জন্য উপজেলা সমাবায় অফিসার প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় অফিসার,ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | প্রদান করেন। এছাড়া আবাসন প্রকল্পে বসবাসকারীদের সমবায়ের মাধ্যমে বিভিন্ন প্রকল্প বাস্তবায়িত হয়ে আসছে। প্রকল্পগুলি সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা উপজেলা সমবায় অফিসার পরিদর্শন করে মাসিক সভায় উপস্থাপন করবেন। উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাগণকে সঠিক ভাবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | | |

পরিশেষে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আশরাফ হোসাইন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নংঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২২- ১১২২ (৫০)

তারিখ-২৯/১২/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। বেগম রওশন এরশাদ এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৭। উপজেলা.........................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৮। জনাব........................চেয়ারম্যান......................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৯। জনাব..........................................................................................
১০। অফিস কপি।

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।